# মডেল টেস্ট– ১

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. 'আল্লাহু গাফূরুন'। মহান আল্লাহর এ গুণে গুণান্বিত হতে চাইলে তুমি কী করবে?
ক) পরম দয়ালু হব খ) ধৈর্যশীল হব
গ) সহনশীল হব ঘ) অতি ক্ষমাশীল হব

২. প্রত্যেকেরই উচিত আল্লাহর আইন ও বিধান সম্পর্কে জ্ঞান অর্জন করা। এগুলো কী ধরনের কাজ?
ক) ফরজ খ) সুন্নত গ) নফল ঘ) ওয়াজিব

৩. আমরা জানি আল্লাহ এ পৃথিবীর মালিক। কারণ তিনি–
ক) খাদ্য ও বস্ত্র নিশ্চিত করেন
খ) শয়তানের শাস্তি নিশ্চিত করেন
গ) বিশ্বাসীদের নিরাপত্তা দেন ও পরিচালনা করেন
ঘ) সকল সৃষ্টির প্রতিপালন করেন

৪. তোমার ছোট ভাই তোমার সঙ্গে একটি মন্দ আচরণ করেছে। তুমি কী করবে?
ক) সাথে সাথে শাস্তি দেব খ) ঘর থেকে বের করে দেব
গ) তার প্রতি সহনশীল হব ঘ) কখনোই কিছু বলব না

৫. মানুষের অবাধ্যতা যখন চরমে পৌঁছবে ও আল্লাহর নাম নেয়ার মতো কেউ থাকবে না, তখন কী হবে?
ক) মিযান খ) হাশর
গ) কিয়ামত ঘ) সওয়াল জওয়াব

৬. তুমি কার গুণে গুণান্বিত হবে?
ক) রাসুলগণের খ) আল্লাহর গ) ফেরেশতাদের ঘ) নবিদের

৭. তুমি কারো বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দেবে না, কারণ–
ক) আল্লাহ সব জানেন, সব শোনেন
খ) আল্লাহ অতি সহনশীল
গ) সে তোমার মুখ দেখে বুঝে ফেলবে
ঘ) তাতে তার কিছুই হবে না

৮. ইবাদত শব্দের অর্থ আনুগত্য। আমাদের কার আনুগত্য করা উচিত?
ক) আল্লাহর খ) ফেরেশতাদের
গ) রাসুলের ঘ) সাহাবীদের

৯. সাকিব জামাআতের সাথে সালাত আদায় করতে চায়। সাকিবের কোথায় সালাত আদায় করা উচিত?
ক) মসজিদে খ) মাদ্রাসায় গ) বাড়িতে ঘ) মক্তবে

১০. আমাদের সকলের উচিত পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। আমরা কীভাবে এ কাজটি করতে পারি?
ক) নিয়মিত পোশাক-পরিচ্ছদ ধুয়ে
খ) ময়লা-আবর্জনা ও নোংরা দূর করে
গ) যেখানে সেখানে ময়লা ফেলে
ঘ) যেখানে সেখানে মলমূত্র ত্যাগ করে

১১. সায়েম সালাত আদায়ের জন্য প্রস্তুতি নিচ্ছে। তার সালাত আদায়ের জন্য কোনটি প্রয়োজন?
ক) দামি পোশাক হওয়া খ) কাপড় পাক হওয়া
গ) পরিবেশ নির্জন থাকা ঘ) পোশাক সুগন্ধযুক্ত হওয়া

http://teachingbd.com

১২. মনে কর, তোমার দাদা খুব অসুস্থ। ডাক্তার তাঁকে তায়াম্মুম করে সালাত আদায় করতে বলেছেন। এজন্য তাঁর কোনটি প্রয়োজন হবে?

ⓚ পবিত্র কাপড় ⓚⓗ পবিত্র মাটি
ⓖ পরিষ্কার পানি ⓖⓗ পরিষ্কার পরিবেশ

১৩. রোযা অবস্থায় আমরা লুকিয়ে লুকিয়ে কিছু খেয়ে ফেলি না কেন?

ⓚ মানুষ মন্দ বলে ⓚⓗ এতে পেট ভরে না
ⓖ আল্লাহ সবই দেখেন ⓖⓗ এতে পেটে অসুখ হয়

১৪. সাওমের তৃতীয় অংশ নাজাতের। এক্ষেত্রে নাজাত বলতে তুমি কোনটিকে বুঝাবে?

(ক) জান্নাতের শান্তি লাভ (খ) জাহান্নামের শাস্তি থেকে মুক্তি
(গ) সাওম পালন সমাপ্ত করা (ঘ) ইবাদতে মশগুল হওয়া

১৫. মসজিদে কোন ধরনের শিক্ষা পরিচালনা করা যাবে?

(ক) ধর্মীয় (খ) আর্থিক (গ) সামাজিক (ঘ) সাংস্কৃতিক

১৬. আখলাক অর্থ সদাচার। এটি কোন ভাষার শব্দ?

(ক) ফারসি (খ) আরবি (গ) উর্দু (ঘ) বাংলা

১৭. তুমি মানুষকে সাহায্য করতে চাও। তোমার কাজটি কোনটি গঠনে?

(ক) ভ্রাতৃত্ব (খ) নৈতিক শিক্ষা
(গ) একতা (ঘ) সুন্দর চরিত্র

১৮. যার নৈতিক মূল্যবোধ সুন্দর সকলেই তাকে ভালোবাসে, সম্মান করে। কোনটি এ ধরনের মূল্যবোধের অন্তর্ভুক্ত?

(ক) জীবজন্তুকে প্রহার করা (খ) কোনো প্রাণীকে কষ্ট না দেওয়া
(গ) আগাছা কেটে ফেলা (ঘ) কেবল মানুষের সেবা করা

১৯. তুমি একটি ভয়ানক পাপের কাজ করেছ। তুমি এখন কী করবে?

(ক) নিজেকে শাস্তি দেবে
(খ) গরিবকে দান-সদ্‌কাহ করবে
(গ) ঘরসংসার ছেড়ে চলে যাবে
(ঘ) আল্লাহর কাছে অনুতপ্ত হয়ে ক্ষমা চাইবে

২০. মনে কর, তোমরা তোমাদের গ্রামকে সুন্দর করে গড়ে তুলবে। এক্ষেত্রে তোমরা কী করবে?

(ক) প্রত্যেকে আলাদাভাবে কাজ করবে
(খ) উন্নয়নমূলক কাজে অংশ নিবে না
(গ) সকলে মিলেমিশে ভালো কাজ করবে
(ঘ) বড়দের কাজে বাধা দিবে

২১. আমাদের সত্য বলা উচিত কেন?

(ক) পরীক্ষায় পাস করার জন্য (খ) আল্লাহর সন্তুষ্টির জন্য
(গ) টাকা পাবার জন্য (ঘ) সবার কাছে ভালো হওয়ার জন্য

২২. তোমার বন্ধু শরীফের চরিত্র ভালো। তার জীবন কিরূপ হবে?

(ক) ভালো (খ) সুন্দর (গ) অসুখী (ঘ) অগোছালো

২৩. তাসমিয়ার চরিত্র সুন্দর। তার আচরণে কোনটি প্রকাশ পাবে?

(ক) জাতীয় সম্পদ রক্ষায় যত্নবান হবে
(খ) রাতদিন পিতামাতার সেবা করবে
(গ) বন্ধুদের সাথে আড্ডা দিবে
(ঘ) পরীক্ষায় সবসময় প্রথম হবে

Teachingbd.com

২৪. তোমার কোনো সহপাঠী বিদ্যালয়ের দেয়ালে কোনো কিছু লিখতে চাইলে তুমি তাকে লিখতে নিষেধ করলে। তোমার এ কাজটি কিসের অন্তর্ভুক্ত?
ক বিদ্যালয়প্রীতি খ সৌন্দর্যবোধ গ আল্লাহভীতি ঘ দেশপ্রেম

২৫. তোমার পিতামাতা অসুস্থ হলে তুমি তাদের সাথে কিরূপ আচরণ করবে?
ক ভালো ব্যবহার করবে খ তাদের কথা শুনবে
গ আদেশ নিষেধ শুনবে ঘ চিকিৎসার ব্যবস্থা করবে

২৬. আমি কুরআন মাজিদ নাজেল করেছি আর এর হেফাজতকারী আমি। এখানে কাকে বুঝানো হয়েছে?
ক আল্লাহ তায়ালাকে খ নবি-রাসুলগণকে
গ ফেরেশতাগণকে ঘ মুসলমানগণকে

২৭. তুমি শুদ্ধভাবে কুরআন মজিদ তিলাওয়াতের নিয়ম শিখতে চাও। এক্ষেত্রে তুমি কোনটি অনুসরণ করবে?
ক মাখরাজ খ তাজবিদ গ গুন্নাহ ঘ ইযহার

২৮. শুদ্ধভাবে কুরআন মজিদ তিলাওয়াতের নিয়মকে তাজবিদ বলে। এতে কিসের বিবরণ থাকে?
ক সালাতের নিয়ম খ মাখরাজ
গ আল্লাহর বিধান ঘ আসমানি কিতাব

২৯. ফেরদৌস এমন একটি কিতাবের কথা জানতে পেরেছে যেটি যেমন নাজেল হয়েছিল, তেমনি আছে। ফেরদৌস কোন কিতাবটির কথা জানতে পেরেছিল?
ক তাওরাত খ যাবুর
গ ইনজিল ঘ কুরআন মজিদ

৩০. সিরিয়া থেকে ফেরার পথে মহানবি (স) একটি যুদ্ধের বিভীষিকা প্রত্যক্ষ করে আঁতকে ওঠেন। এ যুদ্ধের নাম কী?
ক বদর যুদ্ধ খ ফিজার যুদ্ধ
গ ওহুদ যুদ্ধ ঘ ইয়ামামার যুদ্ধ

৩১. মহানবি (স) পঁচিশ বছর বয়সে চল্লিশ বছর বয়সী এক নারীকে বিবাহ করেন। এই নারীর নাম কী?
ক হযরত খাদিজা (র) খ হযরত ফাতিমা (র)
গ হযরত আছিয়া (র) ঘ হযরত আমিনা (র)

৩২. মহানবি (স) 'হিলফুল ফুযূল' গঠন করেন। এ সংঘের উদ্দেশ্য কী ছিল?
ক সমাজের বৃদ্ধদের সহায়তা করা
খ মানুষকে স্বাবলম্বী করা
গ সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করা
ঘ যুবকদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা

৩৩. নবুয়তের একাদশ সনে মহানবি (স) মিরাজ গমন করেন। সেখানে গমনকালে মহানবি (স) বায়তুল মুকাদ্দাসে কার সান্নিধ্য লাভ করেন?
ক তাঁর পিতামাতার খ স্ত্রী খাদিজা (রা)-এর
গ পূর্ববর্তী নবিগণের ঘ আল্লাহ তায়ালার

৩৪. অষ্টম হিজরির রমজান মাসে মহানবি (সা) মক্কা বিজয় করেন। তিনি কীভাবে এটি জয় করেন?
ক ৭০ জন সাহাবির জীবনের বিনিময়ে
খ ১৪ জন কুরআনে হাফেজের শাহাদতের বিনিময়ে
গ মুসলিম বাহিনীর সুনিপুণ যুদ্ধ কৌশলের বিনিময়ে
ঘ একেবারে বিনা রক্তপাতে

Teachingbd.com

৩৫. হুদাইবিয়ার সন্ধি ইসলামের ইতিহাসে এক ঐতিহাসিক ঘটনা। কুরআনে এ সন্ধিকে কী বলে আখ্যায়িত করা হয়েছে?
ক অপ্রকাশ্য বিজয় খ প্রকাশ্য বিজয়
গ আলোকবর্তিকা ঘ সত্যসন্ধি

৩৬. সর্বশেষ নবির নাম কী?
ক হযরত ইউসুফ (আ) খ হযরত ঈসা
গ হযরত মুহাম্মদ (স) ঘ হযরত মুসা (আ)

৩৭. 'আখিরাত' শব্দের অর্থ কী?
ক পুনর্জন্ম খ পরকাল
গ শাস্তি ঘ ন্যায়বিচার

৩৮. 'মিযান' শব্দের অর্থ কী?
ক গণনার যন্ত্র খ হিসাবের যন্ত্র
গ পরিমাপ যন্ত্র ঘ পানি মাপার যন্ত্র

৩৯. ইবাদত বলতে বোঝায়—
ক পৃথিবীতে শান্তিতে বসবাস করা
খ আল্লাহর আনুগত্য, শ্রদ্ধা করা
গ নামাজ আদায় করা
ঘ রমযানে রোযা রাখা

৪০. প্রতিদিন মুখ মেসওয়াক করা ইসলামের দৃষ্টিতে—
ক সুন্নত খ ওয়াজিব গ ফরজ ঘ নফল

৪১. মসজিদের আদব কয়টি?
ক ৫টি খ ৭টি গ ১৩টি ঘ ১৫টি

৪২. মহানবি (স) কোথায় হিজরত করেছিলেন?
ক কুফায় খ তায়েফে গ মদিনায় ঘ মিশরে

৪৩. কোনটি সামাজিক পরিবেশ?
ক মানুষ খ গাছপালা গ মাটি ঘ ঘরবাড়ি

৪৪. সৃষ্টির সেবার মূর্ত প্রতীক কে ছিলেন?
ক মহানবি (স) খ আবু বকর (র)
গ উমর (র) ঘ ওসমান (র)

৪৫. 'কালাম' শব্দের অর্থ কী?
ক কিতাব খ বাণী
গ উপদেশ ঘ বিধি-নিষেধ

৪৬. সূরা আল ফীল কোথায় অবতীর্ণ হয়?
ক মক্কায় খ মদিনায়
গ তায়েফে ঘ শামে

৪৭. নবুয়তের কত সনে মহানবি (স)-এর মিরাজ হয়েছিল?
ক দশম খ একাদশ
খ দ্বাদশ ঘ চতুর্দশ

৪৮. কে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন?
ক হযরত খাদিজা (রা) খ হযরত আলী (রা)
গ হযরত উসমান (রা) ঘ হযরত আবু বকর (রা)

৪৯. 'বায়তুল মুকাদ্দাস' নির্মাণ এটি কার সাথে সম্পর্কযুক্ত?
ক হযরত ঈসা (আ) খ হযরত মুসা (আ)
গ হযরত ইবরাহীম (আ) ঘ হযরত সুলায়মান (আ)

৫০. হযরত নূহ (আ)-এর সময় কাফিররা কীভাবে মারা গেল?
ক আগুনে পুড়ে খ বজ্রপাতে
গ শিলাবৃষ্টির দ্বারা ঘ পানিতে ডুবে

teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১৫=১৫

(ক) আল্লাহ তায়ালার প্রতি আনুগত্য থাকা আমাদের কর্তব্য। এ জন্য আমাদের কী করা প্রয়োজন?

(খ) সাওমের মাস একটি ফজিলতপূর্ণ মাস। ফজিলতের দিক দিয়ে এ মাসকে কয় ভাগে বিভক্ত করা হয়েছে?

(গ) দেশপ্রেম একটি মহৎগুণ। এগুণটি বলতে কী বোঝ?

(ঘ) তিনি হলেন সর্বশেষ নবি ও রাসুল। তিনি কে?

(ঙ) মদিনার সনদ পৃথিবীর সর্বপ্রথম লিখিত সনদ। এ সনদটি কিসের স্বাক্ষর বহন করে?

(চ) মিযান কাকে বলে?

(ছ) আমরা কার কাছে ক্ষমা চাইব?

(জ) আকিকা কাকে বলে?

(ঝ) তাকবিরে তাহরিমা কী?

(ঞ) হানবি (স) মক্কাবাসীদের কিসের আহ্বান জানিয়েছিলেন?

(ট) মহানবি (স) এর পালিত পুত্রের নাম কী?

(ঠ) ওয়াকফ লাজিম কোনটি?

(ড) সূরা কাওসার কোথায় অবতীর্ণ হয়?

(ঢ) হযরত মুহাম্মদ (স) কবে জন্মগ্রহণ করেন?

(ণ) হযরত ঈসা (আ) কোথায় জন্মগ্রহণ করেন?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭=৩৫

(ক) আমাদের সৃষ্টিকর্তা ও পালনকর্তা একজন। তিনি কে? তাঁর ইচ্ছানুযায়ী জীবনযাপন করার চারটি উপায় লেখ। ১+৪=৫

(খ) আমরা কার শেখানো নিয়মে সালাত আদায় করব? সালাত সম্পর্কে তিনি কী বলেছেন? সালাতের সময় হলে তুমি কী করবে? তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

(গ) পরিবেশ কাকে বলে? পরিবেশ সংরক্ষণ করা প্রয়োজন কেন? আমরা কীভাবে পরিবেশ সংরক্ষণ করব? তিনটি উপায় লেখ। ১+১+৩=৫

(ঘ) তুমি পবিত্র কুরআন মজিদ থেকে শিক্ষা লাভ করেছ এমন যেকোনো পাঁচটি বিষয় লেখ। ৫

(ঙ) নবি-রাসুলগণ ছিলেন মহান আল্লাহ তায়ালার প্রেরিত পুরুষ। তাঁরা কীভাবে মানুষদের শিক্ষা দিতেন? চারটি বাক্যে তাঁদের পরিচয় দাও। ১+৪=৫

(চ) কিয়ামত সংঘটিত হওয়ার পাঁচটি কারণ উল্লেখ কর। ৫

(ছ) ইবাদতের তাৎপর্য পাঁচটি বাক্যে বর্ণনা কর। ৫

(জ) প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতিজনিত পাঁচটি বিষয় উল্লেখ কর। ৫

(ঝ) পাঁচটি বাক্যে কুরআন মজিদের পরিচয় তুলে ধর। ৫

(ঞ) পাঁচটি বাক্যে হযরত মুহাম্মদ (স)-এর জন্ম ও বংশ পরিচয় দাও। ৫

Teachingbd.com

# মডেল টেস্ট - ১ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক |
| ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ |
| ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ |
| ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | গ |
| ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক | ৪১ | গ | ৪২ | গ | ৪৩ | ঘ | ৪৪ | ক | ৪৫ | খ |
| ৪৬ | ক | ৪৭ | খ | ৪৮ | ক | ৪৯ | ঘ | ৫০ | ঘ | | | | | | | | |

২। (ক) মহান আল্লাহ তায়ালার প্রতি আনুগত্যের জন্য আমাদেরকে তাঁর সত্তা ও গুণাবলি সম্পর্কে জানা এবং ইমান আনা প্রয়োজন।

(খ) সাওমের মাসকে ফজিলতের দিক দিয়ে তিন ভাগে ভাগ করা হয়েছে।

(গ) নিজের দেশের উন্নতির জন্য চেষ্টা করা এবং শত্রুর আক্রমণ থেকে রক্ষা করার নামই দেশপ্রেম।

(ঘ) হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হলেন সর্বশেষ নবি ও রাসুল।

(ঙ) মদিনার সনদ হযরত মুহম্মদ (স)-এর রাজনৈতিক প্রজ্ঞা, কূটনৈতিক দূরদর্শিতা, ধর্মীয় সহিষ্ণুতা এবং সুন্দর সমাজ গঠনের এক জ্বলন্ত স্বাক্ষর বহন করে।

(চ) হাশরের দিন আমাদের পাপ-পুণ্যের আমল যে যন্ত্রের দ্বারা পরিমাপ করা হবে তাকে মিযান বলে।

(ছ) আমরা আল্লাহ তায়ালার কাছে আন্তরিকভাবে ক্ষমা চাইব।

(জ) সন্তান জন্মের সপ্তম দিনে সন্তানের কল্যাণ ও হিফাজতের কামনায় আল্লাহর ওয়াস্তে কুরবানির মতো কোনো গৃহপালিত হালাল পশু জবাই করাকে আকিকা বলে।

(ঝ) সালাতের নিয়ত বলার পর 'আল্লাহু আকবর' বলে কান বরাবর দুই হাত তোলা হলো তাকবিরে তাহরিমা।

(ঞ) মহানবি (স) মক্কাবাসীদেরকে সত্য ও ন্যায়ের পথে চলার আহ্বান জানিয়েছিলেন।

(ট) মহানবি (স) এর পালিত পুত্রের নাম হযরত যায়িদ (রা)।

(ঠ) م -চিহ্ন কে ওয়াকফ লাজিম বলে।

(ড) সূরা কাওসার মক্কায় অবতীর্ণ হয়।

(ঢ) হযরত মুহাম্মদ (স) ৫৭০ খ্রিষ্টাব্দের ২০শে এপ্রিল এবং রবিউল আউয়াল মাসের ১২ তারিখে সোমবার কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন।

(ণ) হযরত ঈসা (আ) ফিলিস্তিনের 'বায়তুল লাহাম' নামক স্থানে জন্মগ্রহণ করেন।

Teachingbd.com